ভোরের কাগজ FEB 4 20[illegible]

তারিখ ...
পৃষ্ঠা ২০ কলাম ২

দ্বিতীয় সমাবর্তনের আর বাকি ১০ দিন

# ঢাকা থেকে নেওয়া কর্মসূচিতে খুলনা বিশ্ববিদ্যালয় খোলার উদ্যোগ সংকটে

খুলনা থেকে এস এম হাবিব : খুলনা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তনের আর মাত্র ১০ দিন বাকি। সমাবর্তনের পূর্বে নাগরিক কমিটি ও খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্মিলিতভাবে বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে উদ্যোগ ঢাকায় কিছু ছাত্রের ৪ দফা দাবি আদায়ের কর্মসূচি দেওয়ায় সংকট আরো ঘনীভূত হয়ে উঠেছে।

গত ২১ জানুয়ারি উচ্ছৃঙ্খল ছাত্রছাত্রীদের হাতে উপাচার্যসহ শিক্ষকরা লাঞ্ছিত হওয়ার ঘটনার পরিপ্রেক্ষিতে খুলনা বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়।

খুলনা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার পর সিটি মেয়রের নেতৃত্বে শহরের বিশিষ্ট নাগরিকদের নিয়ে গঠিত ১৫ সদস্যবিশিষ্ট নাগরিক কমিটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার ব্যাপারে উদ্যোগ নেওয়া হয়। ছাত্রছাত্রীরা নাগরিক কমিটির মাধ্যমে ক্ষমা চাওয়ার পর বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে। বিশ্ববিদ্যালয়ের দুজন প্রতিনিধিকে এ ব্যাপারে নাগরিক কমিটির সঙ্গে যোগাযোগ রক্ষা করার দায়িত্ব দেওয়া হয়।

এদিকে ঢাকায় ছাত্ররা ৪ দফা দাবি আদায়ের লক্ষ্যে ৭ দিনব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে। কর্মসূচি অনুযায়ী তাদের বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে স্মারকলিপি পেশ করার কথা। কর্মসূচির মধ্যে রয়েছে মঞ্জুরি কমিশন ঘেরাও, জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন ও কেন্দ্রীয় শহীদ মিনারে প্রতীক অনশন পালন।

এ ব্যাপারে খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, খুলনা বিশ্ববিদ্যালয়ের সমস্যা খুলনায় সমাধান করতে হবে অন্য কোথা থেকে নয়।

আগামী ১৪ ফেব্রুয়ারি দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য ইতিমধ্যে প্রায় ৩০০ গ্রাজুয়েট রেজিস্ট্রেশন করেছে। কর্তৃপক্ষ রেজিস্ট্রেশনের মেয়াদ ৫ ফেব্রুয়ারি পর্যন্ত বৃদ্ধি করেছে।